গাংনীতে ইউপি নির্বাচন বিষয়ে পুলিশ সুপারের ব্রিফিং

মেহেরপুরের গাংনীর ৫টি ইউপি নির্বাচনে সুষ্ঠু ও নিরপেক্ষ ভাবে দায়িত্ব পালনের লক্ষ্যে ব্রিফিং করেছে মেহেরপুরের গাংনী থানা পুলিশ। আজ বুধবার বেলা ১১ টার দিকে গাংনী থানা চত্ত্বরে এ ব্রিফিং অনুষ্ঠিত হয়।

মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন গাংনী থানার ওসি বজলুর রহমান। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম, জেলা আনসার ও ভিডিপি কমান্ডার রাকিবুল ইসলাম।

পুলিশ সুপার সকল সদস্যদেরকে সঠিকভাবে দায়িত্ব পালনের ব্যাপারে সজাগ করেন ও দিক নির্দেনা দেন।

উল্লেখ্য, গাংনী উপজেলার কাথুলি, তেতুঁলবাড়িয়া, সাহারবাটি, বামন্দী ও মটমুড়া ইউপি নির্বাচন অনুষ্ঠিত হবে বৃহষ্পতিবার।

তেতুলবাঁড়ীয়া ইউপির বিদ্রোহী প্রার্থী নাজমুল হুদা বহিষ্কার

মেহেরপুরের গাংনী উপজেলার তেতুলবাড়ীয়া ইউপিতে আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী হওয়ায় নাজমুল হুদাকে বহিস্কার করেছে দল।

পরপর দুই বার দলীয় বিরোধী হয়ে ইউনিয়ন পরিষদ নির্বাচনে অংশ নিয়ে শৃঙ্খলা ভঙ্গ করার অপরাধে উপজেলা আওয়ামী লীগ থেকে নাজমুল হুদাকে বহিস্কার করা হয়েছে।

বহিস্কৃত নাজমুল হুদা গাংনী উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও জেলা আওয়ামী লীগের সদস্য।

গত ৮ নভেম্বর উপজেলা আওয়ামী লীগ সভাপতি সাহিদুজ্জামান এমপি ও সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা সাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা গেছে।

উল্লেখ্য, আগামীকাল বৃহস্পতিবার ১১ নভেম্বর ২য় ধাপে মেহেরেপুরের ৯টি ইউপিতে নির্বাচন অনুষ্ঠিত হবে। তার মধ্যে গাংনী উপজেলার তেতুলবাড়ীয় ইউপি রয়েছে। ওই ইউপি নির্বাচনে পরপর দুই বার দলের বিদ্রোহী তিনি নির্বাচনে অংশ নিচ্ছেন।

আলমডাঙ্গায় দুই বান্ধবীকে ধর্ষণের অভিযোগে দুই বন্ধুর বিরুদ্ধে মামলা

আলমডাঙ্গা উপজেলায় দুই বান্ধবীকে তুলে নিয়ে ধর্ষণের ঘটনা ঘটেছে। দুই বান্ধবী আলমডাঙ্গা উপজেলার একটি মাদরাসার সপ্তম শ্রেণির ছাত্রী। গতকাল মঙ্গলবার সকালে অভিযুক্ত ধর্ষণকারী দুই বন্ধু আশিক ও নিশানের বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় এজাহার দাখিল করেছে ধর্ষণের শিকার দুই বান্ধবী। এঘটনায় কাউকে এখনো গ্রেফতার করতে পারেনি পুলিশ।
পুলিশ জানায়, আলমডাঙ্গা উপজেলার ওসমানপুর গ্রামের ইয়াকিন আলীর ছেলে আশিক (১৭) ও তার বন্ধু একই গ্রামের আনারুল ইসলামের ছেলে নিশান (১৭) দুই বান্ধবীর সাথে পরিচয় হয় মাস চারেক আগে। সেই থেকে তাদের মধ্যে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। গত রোববার (৭ নভেম্বর) রাত ৮টার দিকে নিশান মোবাইলে ডাক দেয় দুই বান্ধবীকে। তারা বাড়ির বাইরে বের হলে নিশান মোটরসাইকেলে তুলে নিয়ে যায় উপজেলার হারদী মাঠের নির্জন বাশ বাগানে।
সেখানে আগে থেকেই অবস্থান করছিলো নিশানের বন্ধু আশিক। তারা দুই বন্ধু বিয়ের মিথ্যে আশ্বাস দিয়ে তাদের নিজ নিজ প্রেমিকাকে উপর্যুপরি ধর্ষণ করে।
পরে গভীর রাতে নিশান ধর্ষণের শিকার দুই বান্ধবীকে মোটরসাইকেলযোগে বাড়ির কাছাকাছি পৌঁছে দিয়ে দ্রুত সটকে পড়ে।

মঙ্গলবার সকালে দুই বান্ধবী আলমডাঙ্গা থানায় তাদের নিজ নিজ প্রেমিকের নামে ধর্ষণ মামলা দায়ের করে। পরে পুলিশ ডাক্তারি পরিক্ষার জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পাঠায় তাদের। এদিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আবাসিক মেডিক্যাল অফিসার (আরএমও) ডা. এএসএম ফাতেহ আকরাম বলেন, মঙ্গলবার দুপুরে দুই ভিকটিমের ধর্ষণের আলামত সংগ্রহ করা হয়েছে। বুধবার বয়স নির্ধারণের জন্য পরিক্ষা- নিরিক্ষার করা হবে।
আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, দুই বন্ধু তাদের দুই প্রেমিকাকে তুলে নিয়ে ধর্ষণ করেছে। তারা চারজনই অপ্রাপ্ত বয়স্ক। মঙ্গলবার সকালে ধর্ষণের শিকার দুই বান্ধবীর আলমডাঙ্গা থানায় একটি ধর্ষণ মামলা করেছে। ডাক্তারি পরিক্ষার জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পাঠানো হয়েছে। আসামীদের গ্রেফতারে অভিযান অব্যাহত রয়েছে।

গাংনীতে দুই ভাই খুনের ঘটনায় আতিয়ার রহমানসহ ৬৬ জনকে আসামি করে মামলা

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের লক্ষিনারায়ণপুর ধলা গ্রামের জোড়া খুনের ঘটনায় সদস্য প্রার্থী ও উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক আতিয়ার রহমানকে কে প্রধান করে মামলা দায়ের করা হয়েছে। মামলায় ৬৬ জনকে আসামি করা হয়েছে।

নিহতের ভাই বেল্টু মিয়া বাদী হয়ে মঙ্গলবার দিবাগত রাতে দেড়টার দিকে মামলাটি দায়ের করেন।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বজলুর রহমান এ তথ্য নিশ্চিত করে জানান, আসামীদের গ্রেফতারে জোর প্রচেষ্টা চলছে। গ্রেফতার এড়াতে প্রধান আসামী আতিয়ার রহমানসহ সবাই গা ঢাকা দিয়েছেন।

গত ৮ নভেম্বর রোববার সকালের দিকে কাথুলি ইউনিয়নের ৭ নং ওয়ার্ডের মেম্বর প্রার্থী আজমাইন হোসেন টুটুল পশ্চিমপাড়া এলাকায় ভোট

চাইতে যান। ফিরে আসার সময় প্রতিপক্ষ মেম্বর প্রার্থী আতিয়ার রহমানসহ তার ভাই মহব্বত আলীর নেতৃত্বে আরও কয়েকজন তাকে ধরে নিয়ে মাঠের মধ্যে নিয়ে যাচ্ছিল। এসময় তারা আজমাইন হোসেন টুটুলকে কুপিয়ে মারাত্বক আহত করেন।

খবর পেয়ে টুটুলের মামাত ভাই সাহাদুল ইসলাম ও জাহারুল ইসলাম তাকে বাঁচাতে ছুটে যায়। সেখানেই জাহারুল ইসলাম ও সাহাদুল ইসলামকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে আহত করে। তাদের উদ্ধার করতে গেলে আরো ১৫/২০ জনকে তারা ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে আহত করে।

আতিয়ার রহমানের নেতৃত্বে নিহতদের অপর ভাই এনামুল ইসলাম নইলুকে ২০১৭ সালের ১৭ জুলাই মাইলমারী গ্রামের রাস্তার উপর রামদা দিয়ে কুপিয়ে হত্যা করে। এছাড়া ২০০৯ সালে অপর ভাই সেন্টু হোসেনকে শালিস বৈঠক চলাকালে কুপিয়ে হত্যা করে। মেম্বর প্রার্থী হলে আজমাইন হোসেন টুটুলকে ও হত্যা করার আগাম হুমকী দিয়েছিলে আতিয়ার রহমান।

উল্লেখ্য, দ্বিতীয় ধাপে আগামীকাল বৃস্পতিবার গাংনী উপজেলার ৫ টি ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে। কাথুলি ইউনিয়নের ৭ নং ওয়ার্ড লক্ষিনারায়নপুর ধলা গ্রামে বর্তমান সদস্য আজমাইন হোসেন টুটুল ও সাবেক সদস্য আতিয়ার রহমান প্রতিদ্বন্দ্বিতা করছেন। তফসিল ঘোষনার পর থেকেই গ্রামের মধ্যে তীব্র উত্তেজনা বিরাজ করছিল। আতিয়ার রহমান প্রতিপক্ষ টুটুলকে হত্যা করারও ঘোষণা দিয়ে আসছিলেন বলে অভিযোগ করেছেন টুটুলের পক্ষের লোকজন। সাহাদুল ও জাহারুল জোড়া খুনের ঘটনার মধ্যে দিয়ে সমাপ্ত হলো সে হুমকী।

মেহেরপুরে তুচ্ছ ঘটনায় এক যুবককে ছুরিকাঘাত

মেহেরপুরে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে রাজিব নামের এক যুবককে ছুরিকাঘাত করে মারাত্বক জখম করা হয়েছে। গতকাল মঙ্গলবার সন্ধ্যার দিকে মেহেরপুর শহরের পুরাতন কাজী অফিস পাড়ায় এ হামলার ঘটনা ঘটে। আহত রাজিব মেহেরপুর শহরের পুরাতন কাজী অফিস পাড়ার সোহরাব

উদ্দিনের ছেলে।

এ ঘটনায় হামলাকারী সাব্বির নামের এক যুবক এলাকাবাসীর হামলায় আহত হয়েছে। সাব্বির মেহেরপুর শহরের পুরাতন পোস্ট অফিস পাড়ার মিজানুর রহমানের ছেলে। আহত দুই জনকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

জানা গেছে, এ ঘটনার পূর্বে মেহেরপুর শহরের বড় বাজার এলাকায় রাজিবের সাথে মিজানুর রহমান নামের এক ব্যক্তির মধ্যে মোটরসাইকেলে ধাক্কা লাগাকে কেন্দ্র করে কথা কাটাকাটি হয়।

ওই ঘটনার পরপরই সাব্বির এর নেতৃত্বে একদল যুবক কাজী অফিস পাড়ায় রাজীবের উপর হামলা চালায়। এসময় রাজিবের পেটে ও পিঠে ছুরিকাঘাত ও মারধর করে তাকে মারাত্মক জখম করে।

এর পরপরই বিক্ষুব্ধ এলাকাবাসী সাব্বির ও তার দলবলের উপর হামলা চালালে সাব্বির আহত হয় এবং অন্যরা পালিয়ে যায়।

কোটচাঁদপুরে কেনা জমি দখল মুক্ত করতে ভুক্তভোগী নারীর সংবাদ সম্মেলন

কোটচাঁদপুরে কেনা জমি দখল মুক্ত করতে জাকিয়া মহাছিনা নামে ভুক্তভোগী এক নারী সংবাদ সম্মেলন করেছেন। মঙ্গলবার বিকালে কোটচাঁদপুর মুক্তিযোদ্ধা ভবনে তিনি এ সংবাদ সম্মেলন করেন।

ভুক্তভোগী ওই নারী লিখিত বক্তব্যে বলেন, কোটচাঁদপুর পৌর এলাকার আর্দশ পাড়ার সোনাভান বিবি ও চায়না খাতুন এর নিকট থেকে ১৯৭৬ ও ১৯৮৬ সালে ৪৬ নং মৌজার ২২৫২ খতিয়ানের পৃথক দলিলে ৩২ শতাংশ ও প্রতিবেশি একার উদ্দিনের নিকট থেকে ৭ শতাংশ সহ মোট ৩৯ শতাংশ জমি ক্রয় করেন। ১৯৯২ সালে ক্রয়কৃত এ জমিতে ৩’শ টি শিশু গাছ লাগান ভুক্তভোগীর পরিবার।

১৯৯৮ সালে বিএস জরিপে ৩২ শতাংশ জমি ১০৪৭ দাগে ক্রেতাদের নামে রেকর্ড হয়। জবর-দখলকারী ভদু মন্ডল স্থানীয় সেটেেলেমন্টে ২৯ ও ৩০ ধারায় মামলা করেন। এতে ভদুমন্ডল তার পক্ষে জমির কোন কাগজপত্র আদালতে উপস্থাপন করতে না পারায় মামলাটি খারিজ হয়ে যায়। পরে ভদু মন্ডল ও তার বোন আয়না খাতুন জমির অংশ দাবি করে বিজ্ঞ আদালতে আমদের বিরুদ্দে দেওয়ানী মামলা করেন।

কিন্তু এ মামলায় জমি বিক্রেতা সোনাভান বিবি ও চায়না খাতুন বাদী হননি। ভদু মন্ডল ২০০০ সালে রাতের অন্ধকারে জমির দক্ষিণ পাশের একাংশে ঘর তৈরী করে বসবাস শুরু করেন। পরবর্তিতে ২০০১ সালের ১৮ জানুয়ারী বাদী পক্ষ ভদু মন্ডলের অভিযোগ স্বত্ত প্রমানিত না হওয়ায় বিজ্ঞ আদালত এ মামলাটিও খারিজ করে দেন। এবং আপিলেও এ রায় বহাল থাকে।

এক পর্যায়ে ২০০৭ সালের ৪ ফেব্রুয়ারী ক্রেতাগন কোটচাঁদপুর পৌরসভার মেয়র বরাবর ভদু মন্ডলের জবর-দখলের বিষয়ে অভিযোগ করেন। এর প্রেক্ষিতে মেয়র ভদু মন্ডলকে জমি খালি করার জন্য নির্দেশ দেন। সেই সাথে খরচ বাবদ ৬ হাজার টাকা দেওয়ার জন্য জমি মালিক পক্ষকে বলেন।

কিন্তু ভদু মন্ডল পৌর মেয়রের নির্দেশ অমান্য করে আজ অবধি অবৈধ স্থাপনা অপসারন ও জমি খালি করেননি। জমির খাজনা পরিশোধ, বৈধ দলিল রেকর্ড সহ যাবতীয় কাগজ পত্র থাকার পরেও ভুক্তভোগী জমির মালিকগন তাদের জমি ভোগ-দখল করতে পারছেন না।

এসময় তিনি স্থানীয় জনপ্রতিনিধি, প্রশাসন ও আইন-শৃঙ্খলা বাহিনী সহ সংশ্লিষ্ঠ দপ্তরের হস্তক্ষেপ কামনা করেন। সংবাদ সম্মেলনে জাকিয়া মহাছিনার মাতা আফরিনা আক্তার, জামাতা এখলাছুর রহমান সহ অন্যান্য ওয়ারিশগন উপস্থিত ছিলেন।

হরিনাকুন্ডুতে মহিলা সমাবেশ

আনুষ্ঠানিক ভাবে অনুষ্ঠিত হয়

জেলা তথ্য দপ্তরের আয়োজনে ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে মুজিবর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে সরকারের সাফল্য অর্জন ও উন্নয়ন পরিকল্পনা সম্পর্কে জনগনকে সচেতন ও উদ্বুদ্ধকরণের লক্ষে মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়।
উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানার সভাপতিত্বে এতে প্রধান অতিথির বক্তব্য দেন ঝিনাইদহ পৌরসভার মেয়র ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু।
এ সময় বিশেষ অতিথির বক্তব্য দেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন।
সমাবেশটি সঞ্চালনা করেন জেলা তথ্য কর্মকর্তা আবু বকর সিদ্দিক।

গাংনীর হোসেন ফিলিং স্টেশনে পেট্রোলের সাথে পানি, লাখ টাকা জরিমানা

পানি মিশ্রিত ভেজাল পেট্রোল বিক্রির অপরাধে মেহেরপুরের গাংনীর হোসেন ফিলিং স্টেশনকে এক লাখ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। আজ মঙ্গলবার সকালে গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী হাকিম নাজমুল আলম এ দণ্ড প্রদান করেন।

ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট নাজমুল আলম জানান, মঙ্গলবার সকালে কয়েকজন মোটর সাইকেল মালিক মেসার্স হোসেন স্টেশন থেকে পেট্রোল ক্রয় করেন। এসময় পেট্রোলের মধ্যে পানি ধরা পড়ে। বিষয়টি উপজেলা প্রশাসনকে অভিযোগ জানালে সহকারী কমিশনার (ভূমি) ফিলিং স্টেশনে গিয়ে ঘটনার সত্যতা পান। এসময় স্টেশন মালিক এমদাদুল হক তার অপরাধ স্বীকার করলে ভ্রাম্যমাণ আদালত ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে একলাখ টাকা জরিমানা করেন। ফিলিং স্টেশন মালিক

তাৎক্ষণিকভাবে জরিমানার টাকা পরিশোধ করেন।

অনুমোদন পেলো এম এ এস ইমনের মালিকানাধীন রাজধানী টিভি

দেশে প্রথম ১৪ টি ইন্টারনেট প্রটোকল টেলিভিশনকে (আইপি টিভি) নিবন্ধনের অনুমতি দিয়েছে সরকার। সোমবার তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

আনিশা গ্রুপের প্রতিষ্ঠান মেহেরপুর প্রতিদিন ও সাপ্তাহিক ঢাকা থেকে এই দুটি গণমাধ্যম এর সাথে যুক্ত হলো রাজধানী টিভি। বর্তমানে স্যাটেলাইট টিভির পাশাপাশি আইপিটিভিও বেশ জনপ্রিয়তা পেয়েছে।

বাংলাদেশে আইপিটিভি ব্যপকভাবে শুরু না হলেও বিশ্বের অন্যান্য দেশে স্যাটেলাইট টিভির চেয়েও অনেক বেশি জনপ্রিয় আইপি টিভি। এর অন্যতম কারণ হলো, ইন্টারনেট সুবিধা আছে এমন যে কোন ডিভাইজে মোবাইল ফোন, স্মার্ট টিভি ইত্যাদি তে আইপিটিভি দেখা যায়। তাছাড়া স্যাটেলাইট টিভির চেয়ে আইপিটিভির কাভারেজও অনেক বেশি অর্থাৎ স্যাটেলাইট টিভির ক্ষেত্রে একটি নির্দিষ্ট সীমানার বাইরে টিভি দেখা যায় না, কিন্তু আইপিটিভির মাধ্যমে যেখানে ইন্টারনেট সেখানেই অল্প ব্যান্ডউইথ দিয়েও অনেক বেশি স্বচ্ছ কোয়ালিটির লাইভ অনুষ্ঠান পৌঁছে দেওয়া সম্ভব। এই ১৪ টি ইন্টারনেট প্রটোকল টেলিভিশনের (আইপি টিভি) মধ্যে নিবন্ধনের অনুমতি পেয়েছে মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস ইমনের মালিকানাধীন রাজধানী টিভি।

এক সংক্ষিপ্ত প্রতিক্রিয়ায় রাজধানী টিভির চেয়ারম্যান এমএএস ইমন বলেন, যেহেতু আইপিটিভির সম্প্রচার ব্যাপ্তি ইন্টারনেট সুবিধা আছে এমন সব জায়গায় তথা সমগ্র বিশ্বের আনাচে কানাচে। সেহেতু বাংলাদেশের সমৃদ্ধ সংস্কৃতি, জীবনাচার, পর্যটনখাত, ব্যবসায়িক উন্নয়ন, দেশের ব্যবসা ক্ষেত্রে বিনিয়োগের সুবিধা সমূহ, দেশের ক্রমবর্ধমান উন্নয়ন বিশ্ব দরবারে তুলে ধরবে রাজধানী টিভি।

রাজধানী টিভি ছাড়াও নিবন্ধনের অনুমতি পাওয়া অন্য আইপি টিভিগুলো হলো— মুভিবাংলা টিভি, জাগরণ টিভি, রূপসী বাংলা টিভি, হার্নেট টিভি, মাটি এন্টারটেইনমেন্ট টিভি, ফ্লিক্স আরকে টিভি, ভয়েজ টিভি, জে এ টিভি, নিউজ২১ বাংলা টিভি, জাগরণী টিভি, সবেহপ্রাইম টিভি, দেশবন্ধু টিভি ও সিএইচডি নিউজ২৪ টিভি।

আইপি টিভির নিবন্ধনের শর্তে বলা হয়, অনুষ্ঠান তৈরি ও প্রচারের ক্ষেত্রে ২০১৪ সালের জাতীয় সম্প্রচার নীতিমালা, ২০১৭ (সংশোধিত ২০২০) সালের জাতীয় অনলাইন গণমাধ্যম নীতিমালা এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের জারি করা অন্যান্য আইন, বিধিমালা, নীতিমালা, পরিপত্র, নির্দেশনা অনুসরণ করতে হবে। বিদ্যমান কপিরাইট আইনের সংশ্লিষ্ট বিধি-বিধান মেনে চলতে হবে। এসব আইনের কোনও ধারা যাতে লঙ্ঘিত না হয়, সেদিকে বিশেষভাবে সচেতন থাকতে হবে। বাংলাদেশে বিদ্যমান সেন্সরশিপ কোড যথাযথভাবে মেনে চলতে হবে।

সরকার প্রবর্তিত আইন বা বিধি-বিধান অনুসরণ করে নিবন্ধনের জন্য কমিশন নির্ধারিত হারে নিবন্ধন ফি, বার্ষিক নবায়ন ফি জমা দিতে হবে। অননুমোদিত সম্প্রচারে থাকায় সম্প্রতি ৫৯টি অনিবন্ধিত আইটি টিভি বন্ধ করে দেয় বিটিআরসি।

মেহেরপুরে ছাদ থেকে পড়ে নারীর মৃত্যু

মেহেরপুরের গাংনী পৌর এলাকার সিনেমা হলপাড়ায় বাড়ীর ছাদ থেকে পড়ে রাজিয়া খাতুন (৫৫) নামের এক নারীর মৃত্যু হয়েছে। সোমবার দুপুরে এ ঘটনা ঘটে। রাজিয়া খাতুন সিনেমা হল পাড়ার আজহার আলীর স্ত্রী।

নিহতের ছেলে মদন জানান আলী, আমার মা রাজিয়া খাতুন বাড়ীর ছাদে ধান শুকানোর সময় মাথা ঘুরে ছাদ থেকে নিচে পড়ে যায়। এসময় তিনি মারাত্নক জখম হয়। স্থানীয়রা উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে গাংনী হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বজলুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করেন।